"নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/গোপনীয়/এসএসসি/২০২২/৬০৬ তারিখ : ৩০/১০/২০২২ খ্রি.

বিষয় : এসএসসি পরীক্ষা-২০২১ এর অব্যয়িত অর্থ ফেরত প্রদান সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা সংক্ষিপ্ত পরিসরে গৃহীত হয়েছে। পরীক্ষার্থীদের তত্ত্বীয় পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্ত:বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৬৬তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ৫৩৩তম সভায় অনুমোদিত হয়। এমতাবস্থায় –

ক) বোর্ডের স্মারক নং : পরী/মাধ্য/২০২১/ ৫৪২ তারিখ : ০৪/১১/২০২১ খ্রি. এর বর্ণনা মোতাবেক প্রত্যেক প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের অব্যয়িত মোট টাকা ইতোমধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হয়েছে।

খ) বিদ্যালয় কর্তৃপক্ষ বোর্ডের ওয়েবসাইট : www.comillaboard.gov.bd এ এসএসসি কর্ণারে নির্ধারিত লিঙ্কে ক্লিক করে EIIN ব্যবহার করে তাঁর বিদ্যালয়ের পরীক্ষার্থীদের তালিকা ডাউনলোড করে প্রিন্ট করে নিবেন। প্রিন্ট কপিতে প্রত্যেক পরীক্ষার্থীর প্রাপ্য খাতওয়ারি টাকার (অব্যয়িত অর্থ) হিসাব উল্লেখ থাকবে। প্রিন্ট কপিতে বর্ণিত টাকা তালিকার ডান পার্শ্বে নির্ধারিত কলামে পরীক্ষার্থীর স্বাক্ষর ও মোবাইল নম্বর গ্রহণ পূর্বক প্রদান করতে হবে। সকল অর্থ পরিশোধের পর উক্ত তালিকার মূল কপি এ বোর্ডের দ্বিতীয় তলায় উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) এর কার্যালয়ে জমা দিতে হবে এবং ০১ (এক) কপি প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন।

গ) যদি কোন বিদ্যালয়ের ব্যাংক হিসাব নম্বরে পরীক্ষার্থীদের প্রাপ্য অর্থ (বোর্ড কর্তৃক পরীক্ষার্থীদের ফেরতের অংশ) আগামি ১৫/১১/২০২২ খ্রি. তারিখের মধ্যে না গিয়ে থাকে তবে বিদ্যালয়ের সঠিক হিসাবনম্বরসহ বোর্ডের দ্বিতীয় তলায় উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) এর কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ঘ) পরীক্ষার্থীগণ বোর্ডের ওয়েবসাইট : www.comillaboard.gov.bd এর এসএসসি কর্ণারে নির্ধারিত লিঙ্কে ক্লিক করে এসএসসি রোল নম্বর দিয়ে তার মোট প্রাপ্য টাকার পরিমান জানতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

৩০/১০/২২

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬১৭২

প্রধান শিক্ষক / অধ্যক্ষ
এ বোর্ডের আওতাধীন এসএসসি পর্যায়ের
সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং : পরী/গোপনীয়/এসএসসি/২০২২/৬০৬(১০) তারিখ : ৩০/১০/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি ঃ

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. জেলা প্রশাসক, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়ীয়া/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর জেলা
৪. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৫. উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৬. জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৮. মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৯. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
১০. সংশ্লিষ্ট নথি

৩০/১০/২২

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬১৭২